

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬২৩

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - মদ পানের দণ্ডবিধি

আরবী

عَن عُمَيْر بن سعيد النخفي قَالَ: سَمِعْتُ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ يَقُولُ: مَا كُنْتُ لِأُقِيمَ عَلَى أَرَ عَن عُمَيْر بن سعيد النخفي قَالَ: سَمِعْتُ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ يَقُولُ: مَا كُنْتُ لِأُقِيمَ عَلَى أَحَدٍ حَدًّا فَيَمُوتَ فَأَجِدَ فِي نَفْسِي مِنْهُ شَيْئًا إِلَّا صَاحِبَ الْخَمْرِ فَإِنَّهُ لَوْ مَاتَ وَدَيْتُهُ وَذَلِكَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يسنه

বাংলা

৩৬২৩-[১০] 'উমায়র ইবনু সা'ঈদ আন্ নাখ'ঈ হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)- কে বলতে শুনেছি, তিনি বলেছেনঃ (কোনো অপরাধে) কারো ওপর আমি দণ্ড প্রয়োগের দরুন যদি সে মারা যায়, তাহলে আমি এজন্য অনুতপ্ত বা দুঃখ প্রকাশ করি না। কিন্তু মদ্যপায়ীর ব্যাপারটি ব্যতিক্রম। যদি সে মারা যায় তাহলে আমি তার দিয়াত (জরিমানা) আদায় করি, কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ দণ্ড নির্ধারণ করেননি। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬৭৭৮, মুসলিম ১৭০৭, আহমাদ ১০৮৪, ইরওয়া ২৩৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِنَّهُ لَوْ مَاتَ وَدَّيْتُه) যদি সে মদ্যপায়ী শাস্তি প্রয়োগে মৃত্যুবরণ করেছে তখন আমি তার (দিয়াত) জরিমানা আদায় করেছি যে হকদার তাকে। এ হাদীসের ব্যাখ্যা নাসায়ী ও ইবনু মাজায় এসেছে।

عَنْ عُمَيْرِ بْنِ سَعِيدٍ قَالَ سَمِعْتُ عَلِيًّا يَقُولُ مَنْ أَقَمْنَا عَلَيْهِ حَدًّا فَمَاتَ فَلَا دِيَةَ لَهُ إِلَّا مَنْ ضَرَبْنَاهُ فِي الْخَمْرِ

'উমায়র বিন সা'দ বলেন, 'আলী বলেনঃ যাদের ওপর দণ্ড প্রয়োগ করে তাতে যদি মারা যায় তাহলে কোনো জরিমানা নেই, তবে যাদেরকে মদ পানের জন্য প্রহার করে (তাতে মারা গেলে সে বিষয়টি স্বতন্ত্র)। আর সকলেই ঐকমত্য হয়েছে দণ্ড প্রয়োগে প্রহারের ফলে মারা গেলে হত্যাকারীর ওপর কোনো জরিমানা নেই, তবে মদ্যপানের



ওপর প্রয়োগ করলে মারা গেলে জরিমানা আছে। (ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৭৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন